দৈনিক সংবাদ

তারিখ ... 27 SEP 199[illegible]
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৩ ...

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

# শিক্ষা পরিবেশ পরিষদের পূর্ণাঙ্গ কমিটি গঠিত হয়নি

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ২৬শে সেপ্টেম্বর।- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষা পরিবেশ পরিষদের পূর্ণাঙ্গ কমিটি এখনো গঠিত হয়নি। গত ৭ই সেপ্টেম্বর সিন্ডিকেটের বিশেষ সভায় পরিবেশ পরিষদ গঠনের সুপারিশ ও নীতিমালা গৃহীত হয়।

সুপারিশ ও নীতিমালা অনুযায়ী বিশ্ববিদ্যালয়ে সুষ্ঠু, স্বাভাবিক, সুস্থ, সাবলীল ও শিক্ষার অনুকূল পরিবেশ নিশ্চিত করা, যেকোন ধরনের অবাঞ্ছিত, অসামাজিক ও বিশৃঙ্খলা সৃষ্টি, অস্ত্র বহন, ধারণ ও ব্যবহার প্রতিরোধকল্পে পরিষদ কার্যাবলী পরি-

(শেষ পৃ: ৪-এর ক: দ্র:)

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

(১ম পাতার পর)

চালনা করবে। নীতিমালা অনুযায়ী উপাচার্য পরিষদের সভাপতি এবং প্রক্টর সদস্য সচিব হবেন, সদস্য হবেন উপ-উপাচার্য, সকল অনুষদের ডীন, রেজিষ্ট্রার, হল প্রাধ্যক্ষ, চাকসু কোষাধ্যক্ষ, শরীর শিক্ষা বিভাগের পরিচালক, শিক্ষক সমিতির সভাপতি ও সম্পাদক এবং কর্মকর্তা, কর্মচারী ও ৪র্থ শ্রেণী কর্মচারী সমিতির যেকোন একজন এবং সংগ্রাম পরিষদভুক্ত ৮টি সংগঠন, ছাত্রদল ও ছাত্র শিবিরের দু'জন করে প্রতিনিধি। এছাড়া সিন্ডিকেটের নির্বাচিত ৮জন প্রতিনিধি। পরিষদ গঠনের সিদ্ধান্ত নেবার দু'সপ্তাহ পরও পরিষদের পূর্ণাঙ্গ কমিটি এখনো গঠন করা যায়নি। এখনো পরিষদে কোন ছাত্র প্রতিনিধি অন্তর্ভুক্ত করা যায়নি। ইসলামী ছাত্রশিবির শুরু থেকেই পরিষদ গঠনের বিরোধিতা করছে। একই সঙ্গে কিছু শিক্ষকও এর বিরোধিতা করছেন বলে সংশ্লিষ্ট সূত্রে জানা যায়। তবে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের মতে, এমাসের মধ্যেই কমিটি চূড়ান্ত করার কাজ হতে পারে।